গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০
বিদ্যালয়-২ শাখা

২০ চৈত্র ১৪২০
তারিখঃ -----------------
০৩ এপ্রিল ২০১৪

স্মারক নম্বর: ৩৮.০০৮.০১১.০০.০০.০০৩.২০১১-**১৫২**

**বিষয়ঃ প্রাথমিক শিক্ষক পুল নীতিমালা-২০১৪ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে প্রাথমিক শিক্ষক পুল নীতিমালা-২০১৪ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হল।

৩।৪।১৪

**(জাজরীন নাহার)**
সিনিয়র সহকারী সচিব (বিদ্যা-২)
ফোনঃ ৯৫৭৭২৫৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা।
(সংশ্লিষ্ট সবাইকে অবহিতকরণের অনুরোধসহ)
৭। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৮। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৯। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
১০। পরিচালক, প্রশাসন/প্রশিক্ষণ/মনিটরিং ও মূল্যায়ন/পরিকল্পনা ও উন্নয়ন/পলিসি ও অপারেশন/অর্থ ও সংগ্রহ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা।
১১। জেলা প্রশাসক (সকল), ....................................।
১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ......................................।
১৩। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
১৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), ....................................................................।
১৫। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল), ..............................................।
১৬। অফিস কপি।

৩।৪।১৪

**(জাজরীন নাহার)**
সিনিয়র সহকারী সচিব (বিদ্যালয়-২)

E:\My Documents on MIS_EX (606sch)\Letter-2008\011.00.00.003.2011.doc

# প্রাথমিক শিক্ষক পুল নীতিমালা-২০১৪

দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে শিক্ষকগণের ছুটি ও প্রশিক্ষণজনিত কারণে সৃষ্ট সাময়িক শিক্ষক ঘাটতি পূরণের মাধ্যমে পাঠদান অব্যাহত রাখিতে দেশের প্রত্যেক উপজেলা/থানায় একটি করিয়া প্রাথমিক শিক্ষক পুল গঠন করিবার নিমিত্ত নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হইল:

১। **শিরোনামঃ** এই নীতিমালা ''প্রাথমিক শিক্ষক পুল নীতিমালা, ২০১৪'' নামে অভিহিত হইবে এবং ইহা জারির তারিখ হইতে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা:** বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই নীতিমালায়-

ক) 'কমিটি' বলিতে উপজেলা/থানা প্রাথমিক শিক্ষক পুল ব্যবস্থাপনা কমিটি বুঝাইবে;

খ) 'কর্তৃপক্ষ' বলিতে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে বুঝাইবে;

গ) 'শিক্ষক' বলিতে এই নীতিমালা অনুযায়ী গঠিত সরকারি প্রাথমিক শিক্ষক পুলভুক্ত প্রার্থী বুঝাইবে;

ঘ) 'বিদ্যালয়' বলিতে সরকারি প্রাথমিক বিদ্যালয় বুঝাইবে;

ঙ) "'সাময়িক শূন্য পদ' বলিতে মাতৃত্বকালীন ছুটি ও বহিঃবাংলাদেশ ছুটিসহ উচ্চ শিক্ষা, হজ্জব্রত পালন, তীর্থ যাত্রা, চিকিৎসা ও প্রশিক্ষণজনিত কারণে নিয়মিত শিক্ষকের অনুপস্থিতিকালীন সাময়িকভাবে শূন্য হওয়া শিক্ষকের পদ বুঝাইবে;

চ) 'নিযুক্তি' বলিতে প্রাথমিক শিক্ষক পুল হইতে সাময়িক শূন্য পদের বিপরীতে সাময়িক নিযুক্তি বুঝাইবে।

৩। **প্রাথমিক শিক্ষক পুল গঠনঃ**

ক) দেশের প্রতিটি উপজেলা/থানার জন্য রাজস্ব খাতে সৃষ্ট সহকারী শিক্ষকের মোট পদের অনধিক ১০% পদ সমন্বয়ে 'উপজেলা/থানা প্রাথমিক শিক্ষক পুল' গঠিত হইবে;

খ) সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু চাকরিতে নিয়োগপ্রাপ্ত হয় নাই এমন প্রার্থীদের মধ্য হইতে মেধাক্রম অনুযায়ী নির্বাচিত প্রার্থী এবং প্রযোজ্য ক্ষেত্রে বিদ্যমান সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগবিধিতে নির্ধারিত যোগ্যতা থাকা সাপেক্ষে ন্যাশনাল সার্ভিসের সদস্য সমন্বয়ে 'উপজেলা/থানা প্রাথমিক শিক্ষক পুল' গঠিত হইবে;

গ) উপজেলা/থানা প্রাথমিক শিক্ষক পুল গঠনের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা/থানার বাহিরের কোন প্রার্থীকে বিবেচনা করা যাইবে না;

ঘ) প্রাথমিকভাবে সহকারী শিক্ষক নিয়োগের জন্য ২০১১ সালে গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু নিয়োগপ্রাপ্ত হয় নাই এমন প্রার্থীদের লইয়া প্রাথমিক শিক্ষক পুল গঠিত হইবে। তবে, পরবর্তীতে অনুষ্ঠিতব্য সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণদের মধ্য হইতে তদুদ্দেশ্যে নির্বাচিত প্রার্থীদেরও পুলভুক্ত করা যাইবে;

ঙ) উপজেলা/থানা প্রাথমিক শিক্ষক পুলে অন্তর্ভুক্ত শিক্ষকের সংখ্যা সারাদেশে সর্বোচ্চ ২০,০০০ (বিশ হাজার) জনে সীমিত থাকিবে।

৪। **পুল হইতে সাময়িক শূন্য পদে নিযুক্তির শর্তাবলী:**

ক) পুলভুক্ত শিক্ষকগণ মেধাক্রমের ভিত্তিতে সর্বোচ্চ ৬ (ছয়) মাসের জন্য সাময়িকভাবে নিযুক্ত হইবেন এবং এইরূপ নিযুক্তির ক্ষেত্রে মাসিক ৬,০০০ (ছয় হাজার) টাকা হারে সম্মানী/ভাতা পাইবেন;

খ) কোন শিক্ষকের নিযুক্তির মেয়াদ শেষ হইলে প্রয়োজনবোধে কর্তৃপক্ষ আগ্রহী এবং সন্তোষজনকভাবে দায়িত্ব সম্পাদনকারী শিক্ষককে পুন:নিয়োগ করিতে পারিবেন। তবে দুইটি নিয়োগের মধ্যে কমপক্ষে সাতদিনের বিরতি থাকিতে হইবে;

গ) সাময়িক শূন্য পদে নিযুক্তি কোন অবস্থাতেই নিয়মিত নিয়োগ হিসাবে গণ্য হইবে না এবং স্থায়ী চাকুরি প্রদানের নিশ্চয়তা বিধান করিবে না;

ঘ) পুলভুক্ত শিক্ষকগণ প্রাথমিক শিক্ষক পুল ব্যবস্থাপনা কমিটির নিয়ন্ত্রণাধীন থাকিবেন;

ঙ) পুলভুক্ত শিক্ষকগণ কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত বিদ্যালয়ে দায়িত্ব পালন করিবেন;

চ) পুলভুক্ত কোন শিক্ষক সাময়িকভাবে নিযুক্ত হইলে তিনি সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নির্দেশ অনুযায়ী দায়িত্ব সম্পাদন করিবেন।

৫। **প্রাথমিক শিক্ষক পুল ব্যবস্থাপনা কমিটি:**

উপজেলা/থানা প্রাথমিক শিক্ষক পুলভুক্ত শিক্ষকদের দায়িত্বে নিযুক্তি ও নিয়ন্ত্রণের জন্য প্রত্যেক উপজেলা/থানায় নিম্নরূপ একটি প্রাথমিক শিক্ষক পুল ব্যবস্থাপনা কমিটি থাকিবে-

**ক) উপজেলার ক্ষেত্রে:**

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | - সভাপতি |
| ২. | সংশ্লিষ্ট উপজেলার একজন শিক্ষানুরাগী/বিদ্যোৎসাহী ব্যক্তি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ৩. | উপজেলা শিক্ষা অফিসার | - সদস্য সচিব |

**খ) সিটি কর্পোরেশনভুক্ত থানার ক্ষেত্রে :**

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) | - সভাপতি |
| ২. | সংশ্লিষ্ট থানার একজন শিক্ষানুরাগী/ বিদ্যোৎসাহী ব্যক্তি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ৩. | অতিরিক্ত জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | - সদস্য |
| ৪. | থানা শিক্ষা কর্মকর্তা | - সদস্য-সচিব |

৬। **প্রাথমিক শিক্ষক পুল ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব ও কর্তব্য:**

ক) পুলভুক্ত শিক্ষকদেরকে বিদ্যালয়ের সাময়িক শূন্য পদে শিক্ষকতার জন্য নিযুক্তি প্রদানের সুপারিশ প্রদান;

খ) নিয়মিত শিক্ষকের পদায়ন/প্রত্যাবর্তনের পর সাময়িকভাবে নিযুক্ত শিক্ষককে পুলে প্রত্যাহার/অন্যত্র নিযুক্তির সুপারিশ প্রদান;

গ) যৌক্তিক কারণ ব্যতীত পুলভুক্ত কোন শিক্ষক নিযুক্তি আদেশ অনুযায়ী যোগদান করিতে ব্যর্থ হইলে তাহার পুলভুক্তি বাতিলের সুপারিশ প্রদান;

ঘ) সাময়িকভাবে নিযুক্তির পর পুলভুক্ত কোন শিক্ষক যোগদান না করিলে তদস্থলে পরবর্তী জনকে নিযুক্তির সুপারিশ প্রদান;

ঙ) পুলভুক্ত কোন শিক্ষকের বিরুদ্ধে দায়িত্বে অবহেলা, অসদাচরণ বা নৈতিকতা বিরোধী কার্যকলাপ কিংবা ফৌজদারী কোন অভিযোগ উত্থাপিত হইলে এবং তদন্তে তাহা প্রমাণিত হইলে উক্ত শিক্ষকের পুলভুক্তি বাতিলের সুপারিশ করা এবং প্রযোজ্য ক্ষেত্রে আইনে সোপর্দ করা;

চ) পুল হইতে সাময়িকভাবে নিযুক্তিপ্রাপ্ত শিক্ষকগণের কর্মমান (Performance) মূল্যায়ন;

ছ) উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা কর্তৃক গৃহীত প্রাথমিক শিক্ষক পুল ব্যবস্থাপনা সংক্রান্ত অন্যান্য কার্যক্রম পর্যালোচনা।

৭। **কর্তৃপক্ষের দায়িত্ব:**

ক) সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষক পুলে অন্তর্ভুক্ত শিক্ষকদের মধ্য হইতে প্রয়োজন অনুযায়ী সাময়িক শূন্য পদের বিপরীতে নিয়ুক্তি প্রদান;

(খ) নিয়মিত শিক্ষকের পদায়ন/প্রত্যাবর্তনের পর সুপারিশ অনুযায়ী সাময়িকভাবে নিয়ুক্তিপ্রাপ্ত শিক্ষককে পুলে প্রত্যাহার/অন্যত্র নিযুক্ত প্রদান;

গ) কোন শিক্ষককে নিযুক্তি প্রদানের সময় ১৫০ (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে নিম্নলিখিত শর্তে চুক্তিনামা সম্পাদন:

(১) মাসিক সম্মানী/ভাতা হইবে ৬,০০০ (ছয় হাজার) টাকা;

(২) নিযুক্তির মেয়াদ হইবে সর্বোচ্চ ৬ (ছয়) মাস; তবে প্রয়োজনবোধে নিযুক্তির মেয়াদ নবায়ন করা যাইতে পারে;

(৩) সাময়িক শূন্য পদে নিযুক্তি নিয়মিত নিয়োগ হিসাবে গণ্য হইবে না এবং ইহা স্থায়ী চাকুরি প্রাপ্তির নিশ্চয়তা বিধান করিবে না;

(৪) নিযুক্তিপ্রাপ্ত শিক্ষক সরকারি ছুটি ব্যতীত অন্য কোন প্রকার ছুটি দাবি করিতে পারিবেন না;

(৫) কোন শিক্ষক কর্তব্যস্থলে বিনা অনুমতিতে অনুপস্থিত থাকিলে তাহার প্রাপ্য মাসিক সম্মানী/ভাতা হইতে অনুপস্থিতিকালের জন্য প্রাপ্য সম্মানী/ভাতা হারাহারি হারে কর্তন করা হইবে।

ঘ) ১০ অনুচ্ছেদ মতে ব্যবস্থা গ্রহণ।

৮। **প্রশিক্ষণঃ**

পুলভুক্ত ও নিযুক্তিপ্রাপ্ত শিক্ষককে সংশ্লিষ্ট উপজেলা রিসোর্স সেন্টারের মাধ্যমে স্বল্পমেয়াদী প্রশিক্ষণ প্রদান করা যাইবে।

৯। **ছুটিঃ**

নিযুক্তিপ্রাপ্ত কোন শিক্ষক সাধারণভাবে সরকারি ছুটি ব্যতীত অন্য কোন ছুটি প্রাপ্য হইবেন না; তবে অসুস্থতাজনিত বা দুর্ঘটনাজনিত কারণে উপযুক্ত প্রামাণ্যের ভিত্তিতে উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা সর্বোচ্চ ৭ (সাত) দিনের বিনা বেতনে ছুটি মঞ্জুর করিতে পারিবেন।

১০। **অনুপস্থিতি, অসদাচরণ কিংবা ফৌজদারী অপরাধের ক্ষেত্রে ব্যবস্থাঃ**

ক) নিযুক্তিপ্রাপ্ত কোন শিক্ষক যুক্তিসংগত কারণ ব্যতীত কর্মে অনুপস্থিত থাকিলে অনুপস্থিতির দিন/দিনসমুহের জন্য আনুপাতিক হারে তাহার সম্মানী/ভাতা কর্তন করা হইবে;

খ) নিযুক্তিপ্রাপ্ত কোন শিক্ষক বিনা অনুমতিতে একাদিক্রমে ৭ (সাত) কর্মদিবস অনুপস্থিত থাকিলে তাহার নিযুক্তি/পদায়ন বাতিল হইয়া যাইবে এবং তিনি পুন:নিযুক্তির অযোগ্য হইবেন;

গ) নিযুক্তিপ্রাপ্ত কোন শিক্ষকের বিরুদ্ধে বিদ্যালয়ে অসদাচরণ বা নৈতিকতা বিরোধী কার্যকলাপ কিংবা ফৌজদারী কোন অভিযোগ উত্থাপিত হইলে কর্তৃপক্ষ কমিটির সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবে এবং প্রযোজ্য ক্ষেত্রে তাহার চুক্তি বাতিল করিবে।

১১। **সংশোধন বা রহিতকরণঃ**

প্রাথমিক শিক্ষক পুল গঠন সম্পর্কিত এই নীতিমালার কোন বিধানের বিষয়ে কোন অস্পষ্টতা দেখা দিলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় লিখিত আদেশ দ্বারা তাহা দূরীকরণসহ এই নীতিমালা প্রয়োজন অনুযায়ী সংশোধন বা রহিত করিতে পারিবে।

০১/৬/২০১৪

(কাজী আখতার হোসেন)
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

E:\My Documents on MIS_EX (606sch)\Pool-Finance-01-04-2014.docx

কাজী আখতার হোসেন
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার